গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## পরিপত্র

সরকার আশা করে প্রতিটি শিক্ষার্থী বিদ্যালয়ে ভর্তি হয়ে কৃতকার্যের সাথে স্কুল জীবন সমাপ্ত করুক এবং শিক্ষার পরবর্তী ধাপে অংশগ্রহণ করুক। কিন্তু লক্ষ্য করা গেছে যে, কোন কোন বিদ্যালয় শত ভাগ পাশ কিংবা ভালো ফলাফল দেখানের জন্য নির্বাচনী পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্যতার অজুহাতে পরীক্ষার্থী ছাঁটাই করে। অপরপক্ষে অসুস্থতা, প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা এবং বিভিন্ন অযাচিত ঘটনার জন্যও কিছু শিক্ষার্থী পাবলিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনা। এ ধরনের শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ থেকে বঞ্চিত করা সরকারের কাম্য নয়।

০২। উপরোক্ত অবস্থা নিরসনকল্পে শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী পাবলিক পরীক্ষার পূর্বে যথাযথ গুরুত্বের সাথে নির্বাচনী পরীক্ষার আয়োজন করে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অনুত্তীর্ণ কিন্তু ৭০% ক্লাসে উপস্থিতি ছিল এমন শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে সকল বিদ্যালয়, মহাবিদ্যালয়, কারিগরি বিদ্যালয় ও মাদ্‌রাসা প্রধানগণকে নির্দেশনা দেয়া হলো।

০৩। পরীক্ষার্থীরা প্রাক নির্বাচনী কোন পরীক্ষায় খারাপ ফলাফল করলে তা বিশ্লেষণ করে সংশ্লিষ্ট শিক্ষককে সর্তক করতে হবে এবং দুর্বল ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের প্রতি বিশেষ যত্ন নিতে হবে এবং সাহায্য করতে হবে।

০৪। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, স্কুল এন্ড কলেজ,কারিগরি ও মাদ্রাসা) প্রতিষ্ঠান প্রধান এবং ম্যানেজিং কমিটি, গভর্নিং বডি অন্ততঃ প্রতিটি পাবলিক পরীক্ষার ফলাফলের এক মাসের মধ্যে একটি সভার মাধ্যমে প্রতিটি শিক্ষকের দায়িত্বাধীন বিষয়ের পারফরমেন্স মূল্যায়ন করবেন এবং প্রয়োজন অনুযায়ী পুরস্কার ও তিরস্কারের ব্যবস্থা নিবেন। একাডেমিক সুপারভাইজার উপজেলা পর্যায়ে বিষয়টি পরিবীক্ষণ করবেন এবং উর্ধ্বতনকে রিপোর্ট করবেন। অনুরূপভাবে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষকদের দায়িত্বাধীন বিষয়ের পারফরমেন্স মূল্যায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ করে জেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন। জেলা শিক্ষা অফিসার প্রাপ্ত তথ্যাদি সমন্বিত আকারে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবেন।

০৫। এ আদেশের ব্যত্যয় ঘটলে দায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

*স্বাক্ষরিত/-*
(মো. নজরুল ইসলাম খান)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬২.১২.১৪৪

তারিখ ঃ ১৭ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ
০১ মার্চ ২০১৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর) বিভাগ ।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৭. জেলা প্রশাসক (সকল) ....................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপপ্রধান তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)...................... ।
১৩. জেলা শিক্ষা অফিসার (সকল) ........................(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ..................................

০১/৩/১৫

(গৌতম কুমার)
উপসচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১।